

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(স্বাস্থ্য ব্যবস্থাপনা শাখা)
www.sirajganj.gov.bd

স্মারক নং-১২/০২/৮৮০০/০১৭/০৩৮/৩১.২৫.১১৬৬

তারিখ: ২১/১২/২০২৫ খ্রি.

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় ২য় পর্যায় প্রকল্প বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত অর্থের উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুইমাস ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০/০১২/১৪/০৩৩.২৫.১১৬৬; তারিখ: ০২/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় ২য় পর্যায় প্রকল্প বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক মহোদয়ের অনুকূলে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থ সিরাজগঞ্জ জেলার ০৯ টি উপজেলায় নিম্নবর্ণিত প্রকল্প সমূহ ও উল্লিখিত পরিমাণ অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে নির্দেশক্রমে প্রসঙ্গে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

২. প্রকল্প ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১ ১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

ক্র. নং	জেলা	উপজেলা	প্রকল্প/প্রতিষ্ঠানের নাম ও বিবরণ	সম্ভাব্য বরাদ্দের পরিমাণ	
০১	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর	সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের ক্যাম্পাসের ভিতরে নিচু অংশ মাটি ভরাট	১,৫০,০০০/-	
০২		কাজিপুর	৮র শিংড়া বাড়ি দাখিল মাদ্রাসার বেঞ্চ সরবরাহ	১,৫০,০০০/-	
০৩		রায়গঞ্জ	রায়গঞ্জ বিয়াম মডেল স্কুল উন্নয়ন	১,৫০,০০০/-	
০৪		তাড়াশ	খাপওয়ালিশিন উচ্চ বিদ্যালয় সংস্কার	১,৫০,০০০/-	
০৫		উল্লাপাড়া		উল্লাপাড়া পরিষদের গ্রান গোড়াইন কাম গ্যারেজের ফ্লোরে আরসিসি ঢালাই করণ	৩,২৫,০০০/-
০৬				উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম সাহেবের কোয়টারের সামনের রাস্তা পাকা করণসহ কোয়টারের মেরামত	৩,২৫,০০০/-
০৭				কৃষি অফিসের উত্তরপাশে ও জামে মসজিদের দক্ষিণ পাশের রাস্তা পাকা করণ	৩,২৫,০০০/-
০৮				বিআরবি এর জেডা বাড়ির পূর্ব পাশে পুকুরপাড়ের রাস্তা পাকা করণ	৩,২৫,০০০/-
০৯		চৌহালী		দক্ষিণ বরংগাইল মেটন রাস্তা হতে সাইদুলের বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার ও গাইড ওয়াল নির্মাণ	৩,২৫,০০০/-
১০				খুলচর বাজার হতে মোল্লাপাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা সংস্কার ও গাইড ওয়াল নির্মাণ	৩,২৫,০০০/-
১১		শাহজাদপুর	বিনোটিয়া উচ্চ বিদ্যালয় উন্নয়ন, গালা, শাহজাদপুর	১,৫০,০০০/-	
১২		বেলকুচি	বড়মূল ইউনিয়নের গাছপাড়া মধ্যপাড়া জামে মসজিদের পূর্বপার্শ্বে হাজী আকহেদের বাড়ি সংস্কার গ্রীজের দুই পাশের এবং আলহাজ্ব মজিবুল হক উচ্চ বিদ্যালয়ের পূর্বপার্শ্বে অবস্থিত বাজার দুই পাশের রাস্তা আংশিক পাকা করণ	১,৫০,০০০/-	
১৩	কামারখন্দ	জামতৈল দক্ষিণপাড়া কবরস্থানের বাউন্ডারি ওয়াল নির্মাণ	১,৫০,০০০/-		
সর্বমোট=				৩০,০০,০০০/-	

শর্তসমূহ:

০১. ২০২৫-২০২৬ অর্থবছরের বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে।

০২. বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে প্রকল্প কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে এবং প্রযোজিত নগদ অর্থ যথাসময়ে ফেরত নিশ্চিত করতে হবে।

০৩। প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

